আজকের কাগজ

114

তারিখ ... 03 DEC 1991 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 1

20

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধের উপায় উদ্ভাবনে আজ আবার সর্বদলীয় বৈঠক

**সৈয়দ বোরহান কবীর :** দেশের শিক্ষাঙ্গনের পরিস্থিতি এবং সন্ত্রাস বন্ধের উপায় উদ্ভাবনের লক্ষ্যে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আজ আবার সর্বদলীয় বৈঠক আহ্বান করেছেন। আজ সন্ধ্যে ৭টায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এই বৈঠক ডাকা হযেছে। বৈঠকে জাতীয় পার্টি ছাড়া সব রাজনৈতিক দল অংশগ্রহণ করবে বলে জানা গেছে। জাতীয় পার্টি বলেছে, তারা কোনো আমন্ত্রণপত্র পায়নি। বিএনপি সরকার ক্ষমতায় আসার পর এটি একই বিষয়ে দ্বিতীয় বৈঠক। এর আগে গত ১৩ জুলাই প্রধানমন্ত্রী এরকম সর্বদলীয় বৈঠক আহ্বান করেছিলেন। ঐ বৈঠকে বিএনপি আওয়ামী লীগসহ সবগুলো রাজনৈতিক দল সন্ত্রাস বন্ধের বিরুদ্ধে একমত হলেও শেষ পর্যন্ত সন্ত্রাস বন্ধ হয়নি বরং সন্ত্রাস বেড়েছে।

সরকারি পক্ষ থেকে বলা হয়েছে, সন্ত্রাস বন্ধের ব্যাপারে একটি ঐক্যবদ্ধ কৌশল ও নীতিগ্রহণের উদ্দেশ্যেই প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এই সর্বদলীয় বৈঠকের আহ্বান জানিয়েছেন। সরকারি সূত্র থেকে প্রাপ্ত খবরে জানা গেছে, গত বৈঠকের ধারাবাহিকতার আলোকেই আজকের বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে শিক্ষাঙ্গনের সন্ত্রাস সম্পর্কিত কমিটির কাজের মূল্যায়ন করা হবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম জিয়া ছাড়াও স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী ও শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকারও বক্তব্য রাখবেন বলে জানা গেছে। তারা শিক্ষাঙ্গনের সন্ত্রাস বন্ধের বাস্তব অবস্থাগুলো ব্যাখ্যা করবে।

দেশের প্রধান বিরোধীদল আওয়ামী লীগ প্রধানমন্ত্রী আহূত আজকের বৈঠকে যোগ দেবেন বলে জানা গেছে। গতকাল সোমবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ব্যক্তিগতভাবে আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আবদুস সামাদ আজাদকে আমন্ত্রণ জানান। আবদুস সামাদ আজাদের নেতৃত্বে একটি আওয়ামী লীগ প্রতিনিধি দল বৈঠকে যোগ দেবেন বলে দলের পক্ষ থেকে জানা গেছে। আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা সাজেদা চৌধুরী এবং সাংগঠনিক সম্পাদক তোফায়েল আহমদও আজকের বৈঠকে যোগ দেবেন। আওয়ামী লীগের দায়িত্বশীল একটি সূত্র গতরাতে জানিয়েছে, আজকের বৈঠকে আওয়ামী লীগ গত আট মাসে সংঘঠিত সন্ত্রাসী ঘটনাবলীর একটি তালিকা নিয়ে আজকের বৈঠকে যোগ দেবে। ঐ তালিকায় গত আট মাসে ছাত্রদলের হাতে ছাত্রলীগের যারা প্রাণ হারিয়েছেন তাদের নামও থাকবে।

কেন্দ্রীয় পাঁচদল আজকের বৈঠকে তাদের সুনির্দিষ্ট বক্তব্য উপস্থাপনের জন্যে গতরাতে বৈঠকে মিলিত হয়। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, পাঁচদল বিশ্ববিদ্যালয়ে উপর্যুপরি সন্ত্রাসী ঘটনার জন্যে প্রধান দু'টি রাজনৈতিক দলকে দায়ী করবে এবং সন্ত্রাস বন্ধের জন্যে এ দু'টি দলের ভূমিকার ওপর গুরুত্ব আরোপ করবে। মতিউর রহমান নিজামীর নেতৃত্বে জামাতের একটি প্রতিনিধি দলও আজকের বৈঠকে যোগ দেবে।